



ঢাকা-৮ আসনে এনসিপি থেকে মনোনয়ন নিলেন আলোচিত রিকশাচালক সুজন



সংগৃহীত ছবি

ছাত্র-জনতার জুলাই আন্দোলনের সময় শিক্ষার্থীদের স্যালুট জানিয়ে যিনি আলোচনায় আসেন, সেই রিকশাচালক সুজন এবার জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে নির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

বৃহস্পতিবার (২০ নভেম্বর) সন্ধ্যায় দলের কেন্দ্রীয় কার্যালয় থেকে তিনি এই মনোনয়ন নেন।

ভাইরাল হওয়া সুজন ঢাকা-৮ আসনে প্রতিদ্বন্দ্বিতার প্রস্তুতি হিসেবে মনোনয়ন ফর্ম সংগ্রহ করেন। এর আগে একই দল থেকে মনোনয়ন নেন জুলাই অভ্যুত্থানে আহত থোকন চন্দ্র বর্মণ। বর্তমানে তিনি চিকিৎসার জন্য রাশিয়ায় রয়েছেন।

বৃহস্পতিবার ছিল এনসিপির মনোনয়ন সংগ্রহের শেষ দিন। এ সময় দলটির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও কেন্দ্রীয় নেত্রী তাসনিম জারা উপস্থিত ছিলেন।